

# কী সেবা কীভাবে পাবেন

## ৮। প্রকল্প/কর্মসূচিভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন;

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স আনুষঙ্গিক খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ	ঝ
১০	উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়	প্রকল্প/ কর্মসূচিভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন	১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার ২. সহকারী পরিদর্শক	সরকারি কর্মসূচির আওতায় গঠিত অর্থাৎ সরকারি কোনো প্রতিষ্ঠানের কর্মসূচি/প্রকল্পের আওতাভুক্ত প্রাপ্তবয়স্ক উপকারভোগী ২০ জন মিলে একটি প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার প্রদান করে থাকে। এরূপ সমবায় সমিতি নিবন্ধন পেতে হলে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:  সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্পের ২০ জনের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে অথবা সহকারী পরিদর্শক কর্তৃক সরজমিনে যাচাই করেন। যাচাই শেষে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের নিবন্ধনের বিষয়ে আপত্তি না থাকলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করবেন।  নিবন্ধনের আপত্তি থাকলে রেকর্ডপত্র সংশোধনের জন্য বা নিবন্ধন নামঞ্জুর করে নিবন্ধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান/আবেদনকারীর নিকট প্রেরণ করবেন।	৭-৬০ দিন	৫৭.৫০/- (সাতান্ন টাকা পঞ্চাশ পয়সা) [৫০/- টাকার ট্রেজারি চালান এবং ১৫% ভ্যাট]	১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩) ২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ৩. মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ ৪. সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩	জেলা সমবায় কর্মকর্তা পঞ্চগড়